

💵 পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ২. ১৬. ইউনুস নবীর মুজিযা দেখানো

মথি (১২/৩৯-৪০, মো.-১৩) বলেন: "জবাবে তিনি তাদেরকে বললেন, এই কালের দুষ্ট ও জেনাকারী লোকে চিহ্নের খোজ করে, কিন্তু ইউনুস নবীর চিহ্ন্ন ছাড়া আর কোন চিহ্ন্ন এদেরকে দেওয়া যাবে না। কারণ ইউনুস যেমন তিন দিন তিন রাত (three days and three nights) মাছের পেটে ছিলেন, তেমনি ইবনুল ইনসানও (কেরি: মনুষ্যপুত্রও) তিন দিন ও তিন রাত (three days and three nights) দুনিয়ার গর্ভে থাকবেন।" আরো দেখুন মথি ১৬/৪; ২৭/৬৩ এবং যোনা/ ইউনুস ১/১৭।

বাইবেল সমালোচকরা বলেন, যীশু কখনোই 'ইউনুস নবীর মত' 'তিন দিন ও তিন রাত' পৃথিবীর গর্ভে থাকেননি। এ জন্য উপরের বক্তব্যগুলো ভুল ও অসত্য। নিম্নের বিষয়গুলো লক্ষ করুন:

প্রথমত: ইউনুস নবী বা যোনা ভাববাদী জীবিত অবস্থায় মাছের পেটে প্রবেশ করেন, অবস্থান করেন এবং বেরিয়ে আসেন। পক্ষান্তরে বাইবেলের বর্ণনায় যীশু মৃত অবস্থায় মাটির গর্ভে প্রবেশ করেন ও অবস্থান করেন। পরে তিনি জীবিত হয়ে বেরিয়ে আসেন।

দ্বিতীয়ত: ইউনুস (আ.) তিন দিন ও তিন রাত্রি মাছের পেটে ছিলেন। যীশু সুস্পষ্টভাবে বলেছেন যে, তিনিও তিন দিন ও তিন রাত্র মাটির গর্ভে থাকবেন। কিন্তু তিনি তা থাকেননি। তিনি মাত্র এক দিন ও দু' রাত মাটির গর্ভে ছিলেন।

শুক্রবার দুপুর ১২টা বা তার পরে যীশুকে ক্রুশে দেওয়া হয়। সন্ধ্যার দিকে তিনি মৃত্যুবরণ করেন। সন্ধ্যা হলে অরিমাথিয়ার যোষেফ/ ইউসুফ গভর্নর পীলাতের নিকট যেয়ে যীশুর দেহ প্রার্থনা করেন (মথি ২৭/৪৫-৬১; মার্ক ১৫/৩৩-৪৭; লূক ২৩/৪৪-৫৬; যোহন ১৯/২৫-৪২)। এ থেকে আমরা জানতে পারছি যে, শুক্রবার দিবাগত রাতে যীশুকে কবরস্থ করা হয। এরপর রবিবার প্রত্যুষে সূর্যোদয়ের পূর্বেই দেহটা কবর থেকে অদৃশ্য হয় (যোহন ২০/১-১৮; মথি ২৮/১-১০; মার্ক ১৬/১-১১; লূক ২৪/১-১২)।

এভাবে আমরা দেখছি যে, যীশুর দেহ কোনো অবস্থাতেই পৃথিবীর গর্ভে তিন দিন ও তিন রাত (three days and three nights) থাকেনি; বরং এক দিন ও দুই রাত তা পৃথিবীর গর্ভে ছিল।

তৃতীয়ত: যাদেরকে এ চিহ্ন দেখানোর প্রতিশ্রুতি যীশু দিয়েছিলেন সে সকল পুরোহিত ও ধর্মগুরুদেরকে তিনি তা দেখাননি। কবর থেকে বের হওয়ার পর তিনি তাদেরকে সাক্ষাৎ দেননি।

গ্যারি ডেভানি লেখেছেন: "Was Jesus actually put in the heart of the Earth? Is a cave-tomb the heart of the Earth? How can from "Good Friday" afternoon to before sunrise Sunday morning qualify for 3 days and 3 nights? Did "perfect" Jesus lie?" "যীশু কি বাস্তবিকই পৃথিবীর হৃদয়ের মধ্যে রক্ষিত হয়েছিলেন? গুহা-কবর কি পৃথিবীর হৃদয়? 'গুড ফ্রাইডে বিকাল থেকে রবিবার প্রত্যুষে



সূর্যোদয়ের পূর্ব পর্যন্ত কিভাবে তিন দিন ও তিন রাত হয়? পূর্ণতাময় যীশু কি মিথ্যা বলেছিলেন?"[1]

ফুটনোট

[1] http://www.thegodmurders.com/id188.html

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14178

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন